

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৬৯৫

আগরতলা, ৩ নভেম্বর, ২০২৪

আড়ালিয়ায় প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

আড়ালিয়াস্থিত প্রজাপিতা ব্রহ্মাকুমারীজ ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে আজ একদিনের প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন এই শিবিরের আয়োজন করে। এই শিবির উপলক্ষে নেশামুক্ত জীবনলাভে রাজযোগ আধ্যাত্মিক প্রদর্শনীর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, আধ্যাত্মিকতা মনকে শান্ত, স্নিগ্ধ এবং সহজ ও সরল করে। মানুষের জীবনের সমস্যা সমাধানে আধ্যাত্মিকতায় নিয়োজিত হওয়া প্রয়োজন। আজকের এই প্রশাসনিক শিবিরে ১১৩টি পিআরটিসি, ২০টি এসসি, ৭টি ওবিসি ও ৫টি বিবাহ নিবন্ধনের আবেদনপত্র গ্রহণ করা হয়। ১১টি আয়ের সার্টিফিকেট ইস্যু করা হয়। ৫টি আধার কার্ড সংশোধন করা হয়। টিএসআর দ্বিতীয় ব্যাটেলিয়ান ও সদর মহকুমা প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ থেকে ২টি প্রদর্শনী স্টল খোলা হয়। স্বাস্থ্য শিবিরে তিন শতাধিক রোগীর চিকিৎসা করে বিনামূল্যে ঔষুধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে অসুস্থ শতাধিক গবাদি পশুর জন্য বিনামূল্যে ঔষুধ দেওয়া হয়।

অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার এই বিশ্ববিদ্যালয়ের আজকের এই ব্যবস্থাপনার ভূয়সী প্রশংসা করেন। বক্তব্য রাখতে গিয়ে উত্তর-পূর্বাঞ্চল সহ বাংলাদেশ ব্রহ্মাকুমারীজ-এর অধিকর্তা জোনালী বহেনজি বলেন, নেশামুক্তি কর্মসূচি আগামীদিনে বিভিন্ন বিদ্যালয়ে ও মহাবিদ্যালয়ে আয়োজন করা হবে। এছাড়া আলোচনায় অংশ নেন পরিবহণ দপ্তরের কমিশনার সুব্রত চৌধুরী, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা ড. চন্দ্রানী বিশ্বাস, সদর মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস, প্রজাপিতা ব্রহ্মাকুমারীজ ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের সঞ্চালিকা মমতা বহেনজি প্রমুখ।

\*\*\*\*\*